

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬০০৮

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - সাহাবায়ি কিরাম (রাঃ)-এর মর্যাদা ও বৈশিষ্ট্য

الفصل الاول (بَابِ مَنَاقِبِ الصَّحَابَة)

আরবী

وَعَن أَبِي بردة عَن أَبِيه قَالَ: رَفَعَ _ يَعْنِي النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم _ رَأْسه إِلَى السَّمَاء وَكَانَ كثيرا مَا يَرْفَعُ رَأْسَهُ إِلَى السَّمَاء. فَقَالَ: «النُّجُومُ أَمَنَةٌ لِلسَّمَاء فَإِذَا ذَهَبَتِ النُّجُومَ أَتَى السَّمَاء مَا توعَدُ وَأَنا أَمَنةٌ لِأَصْحَابِي فَإِذَا ذَهَبْتُ أَنَا أَتَى أَصْحَابِي مَا يُوعَدُونَ وَأَصْحَابِي أَنَى أَصِدَابِي أَنَى أَمتي مَا يُوعَدُونَ وَأَصْحَابِي أَمَنةٌ لِأُمْتِي مَا يُوعَدُون» . رَوَاهُ مُسلم

رواه مسلم (207 / 2531)، (6466) ۔ (صَحِیح)

বাংলা

৬০০৮-[২] আবৃ বুরদাহ্ (রাঃ) তাঁর পিতা হতে বর্ণনা করেন। তিনি বলেন, একদিন নবী (সা.), আকাশের দিকে মাথা তুলে তাকালেন। বস্তুত তিনি (সা.) প্রায় আসমানের দিকে মাথা তুলে দেখতেন। অতঃপর বললেন, তারকারাজি আকাশের জন্য নিরাপত্তাস্বরূপ। যেদিন এ সমস্ত গ্রহগুলো চলে যাবে, সেদিন আকাশের তাই ঘটবে, যার প্রতিশ্রুতি পূর্বেই দেয়া হয়েছে (অর্থাৎ ধ্বংস হয়ে যাবে)। আর আমি হলাম আমার সাহাবীদের ওপর নিরাপত্তাস্বরূপ। অতএব আমি যখন চলে যাব, তখন আমার সাহাবীদের মধ্যে তাই সংঘটিত হবে, যার প্রতিশ্রুতি আগেই দেয়া হয়েছে। আর আমার সাহাবীগণ হলেন আমার উদ্মতের জন্য নিরাপত্তাস্বরূপ। যখন আমার সাহাবীগণ চলে যাবেন, তখন আমার উদ্মতের ওপর তাই নেমে আসবে, আগেই যার প্রতিশ্রুতি দেয়া হয়েছে (শারী'আহ্ পরিপন্থী কার্যকলাপ বৃদ্ধি পাবে)। (মুসলিম)।

ফুটনোট

সহীহ: মুসলিম ২০৭-(২৫৩১), মুসনাদে আহমাদ ১৯৫৮৪, সহীহুল জামি ৬৮০০, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ



৩২৪০৬, মুসনাদে আবদ ইবনু হুমায়দ ৫৩৯, আবূ ইয়ালা ৭২৭৬, সহীহ ইবনু হিব্বান ৭১৪৯, আল মু'জামুল কাবীর লিত্ব তবারানী ১০৮৬০, আল মু'জামুস সগীর লিত্ব তবারানী ৯৬৭, আল মু'জামুল আওসাত্ব ৭৪৬৭, আল মুসতাদরাক লিল হাকিম ৫৯২৬, হিলওয়াতুল আওলিয়া ৩৮৭ পৃ.।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (النَّجُومُ أَمَنَةٌ لِلسَّمَاءِ) এখানে (أَمَنَةٌ) -এর ব্যাখ্যায় কেউ কেউ বলেছেন, (أَمَنَةٌ لِلسَّمَاء) অর্থাৎ নিরাপত্তা ও অনুগ্রহ। আবার কেউ বলেছেন, হিফাযতকারী।

(أَتَى السَّمَاءَ مَا توعَدُ) অর্থাৎ, আসমানের অঙ্গীকার হলো কিয়ামতের দিন তা বিদীর্ণ হবে এবং গুটিয়ে যাবে। (وَهَبَت النَّجُومَ) দ্বারা উদ্দেশ্য হলো তারকারাজি ধ্বংসপ্রাপ্ত হওয়া।

وَأَنا أَمَنةٌ لِأَصْحَابِي) আল্লামাহ্ ত্বীবী (রহিমাহ্লাহ) বলেন, (أَمَنةٌ لِأَصْحَابِي) শব্দটিকে যখন রাসূলুল্লাহ (সা.) -এর সাথে সম্পৃক্ত করা হবে তখন তার দুই রকম অর্থ হওয়ার সম্ভাবনা আছে। একটি হলো, অত্যধিক পরিমাণ অর্থে ব্যবহৃত হয় যেমন বলা হয়ে থাকে (رَجُلٌ عَدْلٌ) অর্থাৎ অধিক ন্যায়পরায়ণ লোক। আর অপরটি হলো বহুবচন অর্থে যেমন আল্লাহ বলেন, (اِنَّ إِبْرَاهِيمَ كَانَ أُمَّةً قَانِتًا) অর্বাৎ (رَاصِدِينَ) অর্বাৎ (رَاصِدِينَ) এখানে (أُمَّةً وَانِتًا) বহুবচনের অর্থে এসেছে। অতএব রাসূল (সা.) তার সাহাবীর জন্য নিরাপত্তার দিক থেকে একটি জামাাত্রর মতো।

(أَتَى أَصْحَابِي مَا يُوعَدُون) অর্থাৎ বিভিন্ন ফিতনাহ, মতানৈক্য দ্বন্দ, সংঘাত, হত্যা ইত্যাদির সাথে সাহাবীগণ জড়িয়ে যাবে।

(اَتَى أَمَتي مَا يُوعَدُون) এর অর্থ হলো সৎ লোকগুলো মারা যাবে। তাদের স্থানে অযোগ্য এবং অসৎ লোক আসবে দীনের মাঝে বিদ্আত, কুসংস্কার আর অপসংস্কৃতি সয়লাব করবে, চরম বিশৃঙ্খলা তৈরি হবে। শয়তানের শিং উদিত হবে, রোমবাসীর উত্থান হবে, মক্কাহ মদীনাহ সহ পবিত্র স্থানগুলোর মর্যাদাহানী হবে। (মিরকাতুল মাফাতীহ, শারহুন নাবাবী ১৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ বুরদাহ ইবনু আবৃ মূসা আশ'আরী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন